



ক্যানসার প্রতিরোধে রাশিয়ার ভ্যাকসিন ট্রায়ালে আশাব্যঞ্জক ফলাফল, সফল



সংগৃহীত ছবি

এমআরএনএ প্রযুক্তি ব্যবহার করে রাশিয়ার বিজ্ঞানীরা তৈরি করেছেন ক্যানসার প্রতিরোধী ভ্যাকসিন ‘এন্টারোমিক্স’। তিন বছরের প্রাক-ক্লিনিকাল পরীক্ষায় এটি নিরাপদ প্রমাণিত হয়েছে এবং টিউমারের আকার ৬০-৮০ শতাংশ পর্যন্ত কমাতে সক্ষম হয়েছে। প্রাথমিকভাবে কোলন ক্যানসারে প্রয়োগ হলেও ভবিষ্যতে মস্তিষ্ক ও ত্বকের মারাত্মক ক্যানসারের ক্ষেত্রেও ব্যবহার পরিকল্পনা রয়েছে।

রাশিয়ার ফেডারেল মেডিকেল অ্যান্ড বায়োলজিক্যাল এজেন্সি (এফএমবিএ) ঘোষণা করেছে, ক্যানসার প্রতিরোধে তাদের উদ্ভাবিত ভ্যাকসিন ‘এন্টারোমিক্স’ প্রাক-ক্লিনিকাল পরীক্ষায় সফলতা অর্জন করেছে। ইন্টার্ন অর্থনৈতিক ফোরামে সংস্থাটির প্রধান ভেরোনিকা স্কভোর্টসোভা এ তথ্য জানান।

এমআরএনএ প্রযুক্তিনির্ভর এই ভ্যাকসিন দুর্বল ভাইরাস ব্যবহার না করে মানব শরীরের কোষকে প্রোটিন তৈরিতে প্রশিক্ষণ দেয়। এই প্রোটিনগুলো ক্যানসার কোষকে সনাক্ত করে আক্রমণ করে ধ্বংস করে। কোভিড-১৯ ভ্যাকসিন তৈরির মাধ্যমে এমআরএনএ প্রযুক্তি বিশ্বজুড়ে পরিচিতি পায়।

এফএমবিএ জানায়, টানা তিন বছরের গবেষণায় দেখা গেছে ভ্যাকসিনটি সম্পূর্ণ নিরাপদ। বারবার প্রয়োগের পরও কোনো জটিলতা তৈরি হয়নি। সবচেয়ে বড় অগ্রগতি হলো—বিভিন্ন পরীক্ষায় টিউমারের আকার ৬০-৮০ শতাংশ পর্যন্ত ছোট হয়েছে বা তাদের বৃদ্ধি উল্লেখযোগ্যভাবে কমেছে। একইসঙ্গে রোগীদের বেঁচে থাকার সম্ভাবনাও বেড়েছে।

গবেষকদের পরিকল্পনা অনুযায়ী, প্রথমে এটি কোলন ক্যানসারের চিকিৎসায় ব্যবহার করা হবে। পাশাপাশি গ্লিওব্লাস্টোমা (দ্রুত বর্ধনশীল মস্তিষ্কের ক্যানসার) এবং মেলানোমা (গুরুতর ত্বক ও চোখের ক্যানসার) চিকিৎসায়ও ভ্যাকসিনটি ব্যবহারের উদ্যোগ চলছে।

সূত্র: তাস নিউজ..